

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৪৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

بَابُ الشَّفَقَةِ وَالرَّحْمَةِ عَلَى الْخَلْق

আরবী

وَعَن عائشةَ قَالَتْ: جَاءَ أَعْرَابِيُّ إِلَى النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: أَتُقَبِّلُونَ الصِّبْيَانَ؟ فَمَا نُقَبِّلُهُمْ. فَقَالَ النَّبِي صلى الله عَلَيْهِ وَسلم: «أَوَ أَملكُ لَكَ أَنْ نَزَعَ اللَّهُ مِنْ قَلْبكَ الرَّحْمَةَ» . مُتَّفق عَلَيْهِ

বাংলা

৪৯৪৮-[২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন এক বেদুঈন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সমীপে উপস্থিত হয়ে বলল, তোমরা কি শিশুদের চুম্বন করো? আমরা তো শিশুদের চুম্বন করি না। এটা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যদি আল্লাহ তা'আলা তোমার অন্তর থেকে স্নেহ-মমতা বের করে নেন, তবে আমি কি পারব তা তোমার অন্তরে পুনঃপ্রবেশ করাতে? (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৯৯৮, মুসলিম ৬৪-(২৩১৭), ইবনু মাজাহ ৩৬৬৫, আহমাদ ২৪৪০৮, সহীহ ইবনু হিব্বান ৫৫৯৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৯৬১, আল আদাবুল মুফরাদ ৯৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসে গ্রাম্য লোকটি হলো আকরা; কেউ বলেছেন, 'কায়স ইবনু 'আসিম আত্ তামিমী। এ মর্মে আবুল ফারাজ আল-আসবাহানী একটি হাদীস রিওয়ায়াত করেছেন। যার শব্দ এরূপ :

عن أَبِيْ هريرة أن قيس بن عاصم دخل على النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّم वातृ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত যে, কায়স ইবনু 'আসিম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসলেন..... এভাবে তৎপরবর্তী ঘটনার বিবরণ দিলেন।



এখানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শিশুদের প্রতি অকৃত্রিম ভালোবাসার প্রমাণ মেলে, সে যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বলল, হে আল্লাহর রসূল! আপনি শিশুদের পেলে আদর করেন আর আমার এতগুলো সন্তান আমার একটুও আদর করতে ইচ্ছে হয় না। তার এহেন অদ্ভূত কথায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার অন্তর থেকে আল্লাহ দয়া ভালোবাসা ছিনিয়ে নিলে আমি তা কিভাবে ফিরিয়ে দিব? ঠিক এমনই একটি ঘটনার কথা জানা যায় 'উয়াইনার ঘটনায়। (ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৫৯৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)
🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75672

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন